

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ফ্রিল্যান্সার ওয়্যারিং পরিদর্শক আবশ্যিক

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন গ্রাহক সংযোগ সহজীকরণের লক্ষ্যে সর্বাধুনিক ‘পল্লী বিদ্যুৎ অনলাইন সংযোগ’ ব্যবস্থা চালু করা হয়েছে। উক্ত সংযোগ ব্যবস্থায় অনলাইনে হাউজ ওয়্যারিং পরিদর্শন এবং রিপোর্টিং করার লক্ষ্যে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড ইস্যুকৃত ন্যূনতম বিসি (‘BC’) লাইসেন্সধারী এবং ইন্টারনেট ব্যবহারে পারদর্শী ইলেকট্রিশিয়ানদেরকে স্থানীয় পর্যায়ে ওয়্যারিং ফ্রিল্যান্সার হিসেবে মনোনয়ন দেয়া হবে। মনোনিত ওয়্যারিং ফ্রিল্যান্সারদেরকে বাপবিবো/পবিস কর্তৃক প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। সফল ভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী ওয়্যারিং ফ্রিল্যান্সারগণ হাউজওয়্যারিং পরিদর্শন ও রিপোর্টিং পূর্বক নির্ধারিত হারে সংশ্লিষ্ট গ্রাহকদের নিকট হতে সম্মানি গ্রহণ করবেন। উল্লেখ্য, এ জন্য বাপবিবো/পবিস কর্তৃক ওয়্যারিং ফ্রিল্যান্সারগণকে কোন প্রকার সম্মানী বা আর্থিক সুবিধা প্রদান করা হবে না এবং তারা বাপবিবো/পবিসের কোন ধরনের কর্মচারী হিসেবে বিবেচিত হবেন না। আগ্রহী ইলেকট্রিশিয়ানগণকে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি, প্রয়োজনীয় কাগজপত্র যেমন জাতীয় পরিচয় পত্র, বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড ইস্যুকৃত লাইসেন্স, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক ইস্যুকৃত চারিত্রিক সনদ এবং সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপিসহ আবেদন পত্র (আবেদন পত্রের নমুনা www.pbs1.jessore.gov.bd থেকে ডাউনলোড করুন) নিম্নোল্লিখিত ঠিকানায় আগামী ৩০ জুন ২০১৮খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর।

যোগাযোগের ঠিকানাঃ

এজিএম (প্রশাসন)

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর।